

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং-৩২.০১.৪৯১৮.০০০.১৬.০০৯.২২- ১৬

তারিখঃ ১২/০৪/২৩ খ্রি.

বিষয়ঃ মা ও শিশু সহায়তা কর্মসূচিতে উপকারভোগীদের তালিকা অগ্রগতি করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২২-২০২৩ অর্থ বছরের জুলাই/২২ হতে আপনার ইউনিয়নের আবেদনকৃত উপকারভোগীদের প্রাথমিক নামের তালিকা নিম্নস্বাক্ষরকারী নিকট প্রেরণ করেছেন কিন্তু আপনার ইউনিয়ন হতে মা ও শিশু আইডি হতে উপকারভোগীদের তালিকা অগ্রগামী করা হয়নি। যার কারণে উপকারভোগী চূড়ান্ত নির্বাচন করা সম্ভব হচ্ছে না। এবিষয়ে আপনাকে বার বার তাগিদ দেওয়া হলেও কোন প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

এমতাবস্থায়, উপকারভোগীদের নাম অগ্রগতির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। পরবর্তীতে উপকারভোগী চূড়ান্ত নির্বাচন এবং ভাতার অর্থ প্রদানে কোন প্রকার জটিলতা সৃষ্টি হলে সংশ্লিষ্ট চেয়ারম্যান সাহেব ব্যক্তিগত ভাবে দায়ী থাকবে।

বিষয়টি অতীব জরুরি

প্রাপক,

চেয়ারম্যান,

মকরা

.....ইউনিয়ন পরিষদ

ফুলবাড়ী, কুড়িগ্রাম।

(মোছাঃ সোহেলা পারভীন)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্বাক্ষর

অনুলিপি: সদয় জ্ঞাতার্থেঃ

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
- ৩। অফিস কপি।